ইত্তেফাক

তারিখ ... 4.12.79 ...
পৃষ্ঠা ... ... 1 ... কলাম ... 4 ... ...

085

# আজ সরকারী চিকিৎসকদের প্রতীক ধর্মঘট

(ইত্তেফাক রিপোর্ট)

মেডিক্যাল শিক্ষক ও কন্সালটেন্টদের দাবী আদায়ের উদ্দেশ্যে আজ (মঙ্গলবার) সকাল ৯টা হইতে ১২টা পর্যন্ত সরকারী চিকিৎসকগণ প্রতীক ধর্মঘট পালন করিবেন। প্রশাসনিক চিকিৎসক সমিতি এই ধর্মঘটে অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়াছেন।

বাংলাদেশ মেডিক্যাল

(৮ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

# চিকিৎসকদের ধর্মঘট

(১ম পৃঃ পর)

এসোসিয়েশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় যে, ধর্মঘট চলাকালীন সময়ে জনগণের সুবিধার্থে জরুরী চিকিৎসা অব্যাহত রাখার উদ্দেশ্যে বিশেষ ব্যবস্থা লওয়া হইয়াছে।

বাসস জানায়, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন আহুত এই প্রতীক ধর্মঘটে মেডিক্যাল কলেজ ও পিজি হাসপাতালের প্রফেসরগণ অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়াছেন। স্বাস্থ্য বিভাগের মন্ত্রীর সহিত এক সভার পর এই সিদ্ধান্ত লওয়া হয়। পরিবার-পরিকল্পনা বিভাগে কর্মরত চিকিৎসকগণও এই ধর্মঘটে অংশ নিবেন না।